

(২)

Ex./BANGLA/UG/5.2/32/2017

অথবা

২খ. “স্বীর পত্র” গল্পে যে চিঠির আঙ্গিক ব্যবহৃত হয়েছে, নিছক বৈচিত্র্য সৃষ্টি ছাড়া তার আর কোনও প্রয়োজন ছিল বলে তোমার মনে হয় কি? যুক্তিসহ ব্যাখ্যা করো। ১০

৩ক. ‘ভাষার মধ্যে ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত দুইটি জিনিস মিশাইয়া থাকে চিত্র ও সংগীত।—রবীন্দ্রনাথের এই মতটি ব্যাখ্যা করে এ বিষয়ে তোমার কোনো মন্তব্য থাকলে তা জানাও। ১০

অথবা

৩খ. শুধু যক্ষের বিরহের কাব্য নয়, ‘মেঘদূত’ প্রবন্ধে রবীন্দ্রনাথ কালিদাসের ‘মেঘদূত’কে পড়েন অন্যভাবে। প্রসঙ্গটি ব্যাখ্যা করে রবীন্দ্রনাথের এই বিশেষ পড়াটি বিষয়ে মন্তব্য করো। ১০

৪ক. “আমোদ এবং কৌতুক ঠিক সুখ নহে, বরঞ্চ তাহা নিম্নমাত্রার দুঃখ”। Fun (কৌতুকরস) ও রবীন্দ্রনাথের ‘কৌতুক’-এর মধ্যে পার্থক্য কোথায়? উদ্ধৃত বক্তব্যের সাপেক্ষে “কৌতুকহাস্য” প্রবন্ধের মূল বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

৪খ. ‘সৌন্দর্য আমার সহিত জড়ের মাঝখানকার সেতু।’—পাঠ্য প্রবন্ধে অবলম্বনে রবীন্দ্রনাথের বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

রবীন্দ্র সাহিত্য (পর্ব-২)

কোর্স ইউ.জি.-৫.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

১ক. মেমের কাছে বিনোদিনীর শিক্ষার কথা বেশ গুরুত্ব দিয়ে বলা হয় ‘চোখের বালি’-তে। উপন্যাসে বিনোদিনীর এই পরিচয় কীভাবে, কতটা গুরুত্বপূর্ণ হয়ে ওঠে বলে তোমার মনে হয়? ১০

অথবা

১খ. ‘চোখের বালি’-র সূচনায় রবীন্দ্রনাথ ‘প্রথম পালার পুনরাবৃত্তি হতে পারে না’ বলে জানান। কোন পালার কথা বলছেন? কেন পারে না? কীভাবে এই ‘পুনরাবৃত্তি’ থেকে লেখক এই উপন্যাসকে সরিয়ে আনেন? ১০

২ক. “নিশীথে” গল্পে দক্ষিণাচরণ ও মনোরমার দাম্পত্য সান্নিধ্যের মুহূর্তগুলি যে বারবার প্রায় অলৌকিক এক হাস্যরসে ছিন্নভিন্ন হয়ে যায়, তোমার কাছে তার কোনো যুক্তিগ্রাহ্য ব্যাখ্যা আছে কি? আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

(Turn Over)